

মেয়র কার্যালয়
ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন
নগর ভবন, ঢাকা

শোকবার্তা

তারিখ- ৮ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/ ২২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

দৈনিক জনকণ্ঠ সম্পাদক আতিকুল্লাহ খান মাসুদের মৃত্যুতে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপসের শোক

দৈনিক জনকণ্ঠের সম্পাদক ও বীর মুক্তিযোদ্ধা আতিকুল্লাহ খান মাসুদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

আজ এক শোকবার্তায় ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, “আতিকুল্লাহ খান মাসুদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে সাড়া দিয়ে মহান মুক্তিযুদ্ধে অংশ নিয়েছেন। রণাঙ্গনের এই বীর মুক্তিযুদ্ধের পরও তাঁর সেই সংগ্রাম অব্যাহত রেখেছিলেন।”

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস আরও বলেন, “সাম্প্রদায়িক অপশক্তির আশ্ফালন এবং মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী অপশক্তির বিরুদ্ধে তিনি আজন্ম সরব ছিলেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের এই সৈনিক মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে জীবনের প্রতিট মুহূর্ত ব্যয় করেছেন। প্রগতিশীল বাংলাদেশ বিনির্মাণে তাঁর মৃত্যু এক অপূরণীয় ক্ষতি। তরুণ প্রজন্ম যুগে যুগে তাঁর সাহসী সম্পাদনার মাঝে অনুপ্রেরণা খুঁজে পাবে। তাঁর বলিষ্ঠ কর্মকাণ্ডের মাঝেই তিনি আমাদের মাঝে বেঁচে থাকবেন।”

শোকবার্তায় ডিএসসিসি মেয়র মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

ধন্যবাদসহ

মোঃ আবু নাছের



জনসংযোগ কর্মকর্তা, ডিএসসিসি

ই- মেইল: pro@dsc.gov.bd/ janashangjoge.dsc@gmail.com

টেলিফোন: +৮৮০২৯৫৬৩৪৪৭

মোবাইল- ০১৯১৪০২১১৬৪